

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

খাকা।

ডিপার্টমেন্ট অফ অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৩

তারিখঃ ২৫-১০-১৪১৩ বাং
০৭-০২-২০০৭ ইং

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়

ব্যাংক কোম্পানীর ধারণকৃত ট্রেজারী বিল ও বন্ডের Marking to market ভিত্তিক পুনঃমূল্যায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ৩১/১০/২০০৫ তারিখে ইস্যুকৃত বিআরপিডি সার্কুলার নং-১৫ এর প্রতি মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

১) প্রতিদিন Statutory Liquidity Requirement (SLR) পূরণের জন্য দায়হীন (Unencumbered) সিকিউরিটির মূল্য (অর্থাৎ HTM অংশে ধারণকৃত) বর্তমান মূল্যে (Present value) প্রদর্শন করতে হবে এবং এই মূল্য SLR সংরক্ষণে ব্যবহার উপযোগী অন্যান্য উপাদানের সাথে সংশোধিত ছকে (DB-5 এবং DB-5a) পূরণ করে প্রতিমাসের বিবরণী পরবর্তী মাসের ১০(দশ) তারিখের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে। এ প্রেক্ষিতে BRPD সার্কুলার নং-১৫/২০০৫ এর 'ক' ক্রমিক মোতাবেক সর্বশেষ মূল্যায়ন, অর্থাৎ 'খ' ক্রমিক মোতাবেক Marking to Market মূল্যায়নের যে কোন একটিকে Present value হিসাবে ব্যবহার করা যাবে, তবে সকল বিবরণীতে মূল্যায়নের একই ভিত্তি ব্যবহার্য হবে, একই হিসাব বর্ষের মধ্যে সময় সময় পরিবর্তন করা যাবেনা।

এতদ্বারা এ বিষয়ে ইতোপূর্বে ১১-০৯-২০০৬ তারিখে ইস্যুকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১০ এর কার্যকারিতা রহিত করা হলো। বিআরপিডি সার্কুলার নং-১৫/২০০৫ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

উপরোক্ত নির্দেশনাগুলো অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত

(এস. কে. সুর চৌধুরী)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৬

